# বেপজা পাবলিক স্কুল ও কলেজ

## বিশেষ মূল্যায়ণ পরীক্ষা- ২০২১

## সমাজবিজ্ঞান

## শ্রেণি: দ্বাদশ

প্রশ্ন-০১

চৌদ্দ শতকের একজন মুসলিম মনীষী সর্বপ্রথম মানুষ সম্পর্কে একটি বিজ্ঞানের অভাববোধ করেন। তিনি মনে করেন, সংহতি মানুষের মধ্যে বন্ধন তৈরি করে। তার মতে স্থায়ী বাসিন্দাদের থেকে যাযাবরদের মধ্যে একতার শক্তি বেশি।

ক) আল উমরান শব্দের অর্থ কী?

খ) আসাবিয়া বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকে নির্দেশিত মনীষীকে সমাজবিজ্ঞানের আদি পিতা বলা হয় কেন ? ব্যাখ্যা করো।

ঘ) উক্ত সমাজবিজ্ঞানীর রাষ্ট্র সম্পর্কিত মতবাদ আলোচনা করো।

প্রশ্নঃ০২

একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে সমাজবিজ্ঞানের উদ্ভব উনবিংশ শতাব্দীর মধ্যভাগের পূর্বে সম্ভব হয়নি। যদিও সমাজ সম্পর্কিত চিন্তার ইতিহাস সমাজের মতই অতি প্রাচীন এবং দীর্ঘদিনের। সমাজবিজ্ঞান একটি পূর্ণাঙ্গ এবং স্বতন্ত্র সামাজিক বিজ্ঞান হিসেবে গড়ে উঠার পিছনে যে সমস্ত চিন্তাবিদের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান রয়েছে তাদের মধ্যে তিনি নিঃসন্দেহে অন্যতম। তিনি ১৯৭৮ সালে ফ্রান্সে জন্মগ্রহণ করেন।

ক) ইবনে খালদুন গবেষণার ক্ষেত্রে কোন পদ্ধতি ব্যবহার করেন?

খ) সভ্যতা বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে তাকে সমাজবিজ্ঞানের জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর।

ঘ) উক্ত সমাজবিজ্ঞানী সমাজ বিকাশের ক্ষেত্রে যে তিনটি স্তরের কথা বলেছেন তা বিশ্লেষণ কর।

প্রশ্ন- ০৩

দৃশ্যপট-১: যৌতুকের দাবি মেটাতে না পেরে কন্যাদায়গ্রস্ত পিতা আরশাদ আলী আত্মহত্যা করেন।

দৃশ্যপট-২: শেয়ার মার্কেটে হঠাৎ ধস নামায় দিদার চৌধুরী সর্বস্ব হারিয়ে আত্ম হননের পথ বেছে নিয়েছেন।

দৃশ্যপট-৩: মতিন সাহেব মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করে দেশ মাতৃকাকে রক্ষা করতে গিয়ে নিজের জীবন বিসর্জন দিয়েছেন।

ক) ক্রিয়াবাদের জনক কে?

খ) আত্মহত্যা বলতে কী বোঝায়?

গ) মতিন সাহেবের জীবন বিসর্জন দেয়াকে তুমি ডুর্খেইম বর্ণিত কোন ধরনের আত্মহত্যার সঙ্গে তুলনা করবে? ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের তিনটি আত্মহত্যাই সামাজিক ঘটনার ফল- বিশ্লেষণ করো।

প্রশ্ন-০৪

'ক' অঞ্চলের কৃষকরা জমিদারের জমিতে কাজ করতে বাধ্য থাকে। জমিদারের অত্যাচারে মাঝে মাঝে কৃষকরা বিদ্রোহ করে উঠে। তারা নিজেদের মধ্যে আলোচনা করে সংগঠিত হওয়ার চেষ্টা করে। এভাবে এক সময় তারা জমিদারের বিরুদ্ধে

আন্দোলন গড়ে তোলে এবং দীর্ঘ সংগ্রামের ফলে এক সময় জমিদারি ব্যবস্থা উচ্ছেদ করে।

ক) Das Capital বিখ্যাত গ্রন্থটি কার লেখা?

খ) উদ্বৃত মূল্য তত্ব ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকের ঘটনা কার্ল মার্কসের কোন তত্বকে নির্দেশ করে? ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের আলোকে "সামাজিক পরিবর্তন" ধারণাটি মার্ক্সের দৃষ্টি ভঙ্গিতে বিশ্লেষণ করো।

প্রশ্ন-০৫

অধ্যাপক আসিফ স্যার সমাজবিজ্ঞান ক্লাসে একজন বিখ্যাত মনীষীর জীবনকর্ম সম্পর্কে আলোচনাকালে বলেন, এ মনীষী মনস্তত্ত্বভিত্তিক সমাজবিজ্ঞানের ধারার অন্যতম ধারক ছিলেন এবং তিনি প্রথম জীবনে অর্থনীতির অধ্যাপক হিসেবে কর্মজীবন শুরু করলেও পরবর্তী সময় সমাজবিজ্ঞানের অধ্যাপক হিসেবে জীবন অতিবাহিত করেন।

ক) হার্বার্ট স্পেন্সার কোন দেশের সমাজবিজ্ঞানী?

খ) স্পেন্সারের " জীব দেহের সাথে সমাজ দেহের তুলনা" ব্যাখ্যা করো।

গ) আসিফ স্যারের বক্তব্যে যে সমাজবিজ্ঞানীর পরিচয় ফুটে উঠেছে তার সামাজিক ক্রিয়াতত্ব সম্পর্কে ব্যাখ্যা দাও।

ঘ) ওই সমাজবিজ্ঞানীর "আদর্শ নমুনা" তত্বটি উদাহরণসহ বিশ্লেষণ করো।

প্রশ্ন-০৬

শিহাব বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে সে সে বিষয়টির উৎপত্তি সম্পর্কে সন্ধান করতে গিয়ে দেখলেন ল্যাটিন শব্দ Socious ও গ্রিক শব্দ Logos থেকে এর উদ্ভব। ১৮৩৯ সালে একজন ফরাসি দার্শনিক তাঁর ' কোর্স- ডি- ফিলোসফি পজিটিভ' গ্রন্থে সর্বপ্রথম এ বিষয়টিকে বিজ্ঞান হিসেবে আখ্যায়িত করেন।

ক) the new science গ্রন্থের  লেখক কে?

খ) “সমাজবিজ্ঞান  হলো  মূল্যবোধ  নিরপেক্ষ  বিজ্ঞান” ব্যাখ্যা করো।

গ)  উদ্দীপকের  শিহাব  কোন  বিষয়ে  অধ্যয়ন  করে  ?  ব্যাখ্যা  করো।

ঘ)  উক্ত  বিষয়টি  সমাজের  সামগ্রিক  পাঠ–  বিশ্লেষণ  করো।

প্রশ্ন–০৭

[ ? ] = [ Socious ] + [ Logos ]

ক)  Socious  কোন ভাষার শব্দ?

খ) “সমাজ হলো সামাজিক সম্পর্কের জাল” ব্যাখ্যা করো।

গ)  প্রদত্ত  ছকচিত্রের  [  ?  ]  চিহ্নিত  স্থানটি  যে  বিষয়কে  নির্দেশ  করে বাংলাদেশে তার অধ্যয়ন কীভাবে বিকাশ লাভ করে ?   ব্যাখ্যা  করো।

ঘ)  "মানব  জীবনের  প্রতিটি  ক্ষেত্রে  উক্ত  বিষয়ের  জ্ঞান  অপরিহার্য"–  বিশ্লেষণ  করো।

প্রশ্ন–০৮

আদিতে  মানুষ  বেঁচে  থাকার  তাগিদে  দলবদ্ধ  হয়ে  বসবাস  করতো।  তখন  থেকেই গোষ্ঠী  সংহতির  ভিত্তিতে  সমাজ  সৃষ্টি  হয়।  এভাবে  পরিবার,  গোত্র,  বিবাহ,  ব্যাক্তিগত সম্পত্তি  ইত্যাদি  বিষয়ের  উদ্ভব  হয়।  ধীরে  ধীরে  সমাজ  জটিল  আকার  ধারণ  করে এবং  এক  সময়  রাষ্ট্রের  উৎপত্তি  ঘটে।  তাই  বলা  যায়,  বর্তমান  সমাজ  সম্পর্কে  জানতে অতীতের  মানব  গোষ্ঠী  ও  তাদের  বিভিন্ন  ব্যবহৃত  হাতিয়ার  ও  জিনিসপত্র  থেকে  তথ্য সংগ্রহ  করা  প্রয়োজন।

ক) ‘ভারততত্ত্ব' গ্রন্থের লেখক কে ?

খ) সামাজিকীকরণ  বলতে কী বোঝায় ?

গ) উদ্দীপকে সমাজবিজ্ঞানের সাথে কোন বিষয়টির সম্পর্ক সম্পর্কে ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ) উক্ত বিষয়টির সাথে সমাজবিজ্ঞানের যে সব পার্থক্য পরিলক্ষিত হয় তা বিশ্লেষণ করো।

প্রশ্ন–০৯

কবির বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র। সে এমন একটি বিষয় নিয়ে অনার্স করছে যা মানুষের চালচলন, আচার- আচরণ, ক্রীয়াকর্ম নিয়ে আলোচনা করে।

ক) কত সালে বাংলাদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানের সতন্ত্র অধ্যয়ন শুরু হয়?

খ) বিচ্যুতিমূলক আচরণ বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকে নির্দেশিত বিষয়টির প্রকৃতি ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকে নির্দেশিত বিষয়টির উৎপত্তি ও বিকাশধারা আলোচনা করো।

প্রশ্ন– ১০

জনাব, 'ক' চৌধুরী একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। মালামাল ক্রয়ে তিনি প্রকৃত মূল্যের চেয়ে বেশি মূল্য দেখিয়ে প্রতিষ্ঠানের প্রচুর টাকা আত্মসাৎ করেন। অপরদিকে বস্তিতে বসবাসরত স্বামীহারা ' খ খাতুন' নিজের সন্তানের জন্য খাদ্যের ব্যবস্থা করতে না পেরে মালিকের বাসা থেকে চাল ডাল চুরির অপরাধে ধৃত হয়ে থানায় আটক আছেন।

ক) juvenile delinquency শব্দের অর্থ কী?

খ) প্রবেশন বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকের জনাব, ‘ক’ চৌধুরীর কাজটি কোন ধরনের অপরাধ? ব্যাখ্যা করো।

ঘ) “উদ্দীপকের জনাব ‘ক’ চৌধুরীর অপরাধ ছাড়াও অপরাধের আরো ধরন রয়েছে” তুমি কী একমত ? তোমার মতের সপক্ষে যুক্তি দাও।

প্রশ্ন- ১১

মৌরিন একজন পেশাদার খ্যাতিমান নৃত্যশিল্পী। তার প্রিয় নাচের মধ্যে অন্যতম হলো " লাই-হারা-উরা" । কিছুদিন পূর্বে সে 'নোংগক্রেম' নামে নতুন একটি নাচ শিখেছে, যা সে সিলেটে গিয়ে "বেহদিয়েং খ্লাম" নামক একটি উৎসবে নেচেছিল।

ক) দকমান্দা কোন উপজাতীদের পোষাক ?

খ) সাওতালদের পরিচয় দাও।

গ) উদ্দীপকের মৌরিনের নতুন করে শেখা নাচটি বাংলাদেশের কোন নৃগোষ্ঠীর সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো।

ঘ) মৌরিনের প্রিয় নাচটি বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীকে বিশেষভাবে পরিচিত করেছে। যুক্তিসহ বিশ্লেষণ করো।